01 JUL 2016
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

যুগান্তর

# চাঁদপুরে ২৫০ শিক্ষক কর্মস্থলে যোগদান করতে পারেননি

**চাঁদপুর প্রতিনিধি**

চাঁদপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের গাফিলতিতে রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের প্যানেলভুক্ত প্রায় আড়াইশ সহকারী শিক্ষক কাজে যোগদান করতে পারেননি। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আক্তার হোসেন ছুটিতে থাকায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সঠিকভাবে দায়িত্ব বুঝিয়ে না দেয়া ও আর্থিক ক্ষমতা প্রদান না করায় এ জটিলতা সৃষ্টি হয়েছে। যার ফলে প্যানেলভুক্ত এই শিক্ষকদের তাদের চাকরিতে যোগদান করে বহাল করতে পারেনি শিক্ষা অফিস। শুধু তাই নয়, এই শিক্ষকরা ঈদের আগে সরকারি পর্যায়ের চাকরিতে যোগদান করে চলতি মাসের কয়েকদিনের বেতন ও ঈদ বোনাস থেকে বঞ্চিত হয়েছেন। সর্বশেষ বৃহস্পতিবারও অনেক শিক্ষক যোগদানপত্র নিয়ে আসেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসে। কিন্তু জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আক্তার হোসেন অফিসিয়াল কাগজপত্র সম্পন্ন না করে হঠাৎ করে পবিত্র ওমরাহ পালনে সৌদি আরব চলে যাওয়ায় ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার কবির হোসেন কোনো শিক্ষকের যোগদানপত্র লিখিতভাবে গ্রহণ করতে পারেননি। এব্যাপারে ভারপ্রাপ্ত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কবির উদ্দিন জানান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আক্তার হোসেন তাকে কোনো দায়িত্ব বুঝিয়ে দিয়ে যাননি।

তিনি ঢাকায় গিয়ে তাকে দায়িত্ব বুঝিয়ে দিয়েছেন ২৬ জুন থেকে ১৩ জুলাই পর্যন্ত। কিন্তু সেখানে সাধারণ দায়িত্ব পরিচালনার কথা বলা হয়েছে। তারপরও সহকারী শিক্ষা অফিসার কবির হোসেন আর্থিক এবং রেজিস্টার্ড সহকারী শিক্ষকদের নিয়োগের যোগদানপত্রসহ জটিল কাজগুলো সম্পাদন করতে শিক্ষা অধিদফতরের মহাপরিচালক বরাবর চিঠি প্রেরণ করেছেন। এখনও সেই চিঠির জবাব আসেনি বলে জানান। তবে যোগদান করতে আসা নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের যোগদান করাতে পারলে ঈদের বোনাসসহ তারা বেতন পেতেন বলে স্বীকার করেন।